লক্ষ্যং বিজ্ঞানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 1st Semester Examination, 2018

## BNGACOR02T-BENGALI (CC2)

## PRAGADHUNIK BANGALA SAHITYA PATH

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*The figures in the margin indicate marks of question. Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে। পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাও ১০×৪= ৪০

(প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ৩০০)

একক - ১

(ক) 'অভিসার' পর্যায়ের পদে আধ্যাত্মিক গৌরবের সঙ্গে রোমান্টিকতা যুক্ত হওয়ায় এর আস্বাদে বৈচিত্র্য এসেছে। - পাঠ্যপদ অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১০

অথবা

(খ) ''সই কে বা শুনাইল শ্যাম নাম'' - পদটি কার লেখা, কোন্ পর্যায়ের অন্তর্গত ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কাব্যকৃতিত্ব বিচার করো। ১+১+৮

একক - ২

(গ) 'ওহে প্রাণনাথ গিরিবর হে, ভয়ে তনু কাঁপিছে আমার'- কোন্ পর্যায়ের পদ ? পদকর্তার নাম কী ? পদটির কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

অথবা

(ঘ) ''মাতৃচরণে শরণাগতি, মায়ের পায়ে অনন্ত নির্ভরতাই দুঃখ জয়ের সেরা উপায়।'' - 'ভক্তের আকুতি' পর্যায়ের পদ অবলম্বনে এই অনুভূতির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

একক - ৩

(ঙ) ''ভাঁড়ু দত্ত বাংলা সাহিত্যে অনন্য সংযোজন।'' - পঠিত কাব্যাংশ অনুসরণে ভাঁড়ু দত্তের অনন্যতা ও এই চরিত্র-সৃষ্টিতে কবিকঙ্কণের কৃতিত্ব বিচার করো। ১০

অথবা

(চ) ''দুঃখ-দারিদ্র্যের চিত্র অঙ্কনে অসাধারণ দক্ষতা সত্ত্বেও দুঃখবাদ নয়, জীবনরসের উপভোগই শ্রীকবিকঙ্কণের স্বভাবধর্ম।'' - 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখেটিক খণ্ড অবলম্বনে এই মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

একক - ৪

(ছ) 'চৈতন্যভাগবতে'র আদিখণ্ড অনুসরণে চৈতন্য চরিত্রের পরিচয় দাও। ১০

অথবা

(জ) 'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ডের দশম অধ্যায় 'বিষ্ণুপ্রিয়াপরিচয় বর্ণন' অংশটির পরিচয় দাও। প্রসঙ্গত, বিষ্ণুপ্রিয়া চরিত্র বর্ণনে বৃন্দাবন দাসের দক্ষতা বিচার করো। ৫+৫

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ১৫০) ৫×২=১০

(ক) "কলঙ্কী বলিয়া ডাকে সব লোকে ১+১+৩

তাহাতে নাহিক দুখ।

তোমার লাগিয়া কলঙ্কের হার

গলায় পরিতে সুখ।।"

— কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) "মুকুরে হেরিয়া মুখ, উপজিল মহাসুখ, ১+১+৩

বিনিন্দিত কোটি শশধরে।"

— পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) "পিপীড়ার পাখা উঠে মরিবার তরে। ১+১+৩

কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে।।"

— কে, কাকে এমন কথা বলেছেন ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঘ) "নাম মাত্র ভেদ কহে হিন্দুরে যবনে। ১+১+৩

পরমার্থে এক কহে কোরাণে পুরাণে।।"

— কে কাকে একথা বলেছে ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

——×——